

ফরাসি নভোচারী, পাইলট ও অভিনেতা টমাস পেসকেটের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

14ই জুলাই, 2023

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ১৪ই জুলাই ২০২৩ এ প্যারিসে ফরাসি মহাকাশ প্রকৌশলী, পাইলট, ইউরোপিয়ান স্পেস এজেন্সির নভোচারী এবং অভিনেতা মিঃ টমাস পেসকেটের সাথে সাক্ষাৎ করেন।

মহাকাশ ক্ষেত্রে, বিশেষ করে স্টার্টআপগুলিকে উৎসাহিত করা এবং বেসরকারি খাতের বৃহত্তর অংশগ্রহণকে উৎসাহিত করার ক্ষেত্রে ভারতের অগ্রগতি সম্পর্কে প্রধানমন্ত্রী শ্রী পেসকেটের সঙ্গে কথা বলেন। তরুণদের উদ্বুদ্ধ করার পাশাপাশি মহাকাশ ক্ষেত্রে সহযোগিতা রপ্ত করতে শ্রী পেসকেটকে ভারত সফরের আমন্ত্রণ জানান প্রধানমন্ত্রী।

মিঃ পেসকেট একজন নভোচারী হিসাবে তাঁর অভিজ্ঞতা প্রধানমন্ত্রীর সাথে ভাগ করে নেন এবং ভবিষ্যতের মহাকাশ কর্মসূচি এবং প্রযুক্তির সম্ভাব্য রূপরেখা নিয়ে আলোচনা করেন।

প্যারিস

14ই জুলাই, 2023